| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

Leave blank

General Certificate of Secondary Education
June 2005

**BENGALI** **3636/RH**
**Reading Test**
**Higher Tier**

H

Tuesday 14 June 2005 9.00 am to 9.50 am

**No additional materials are required.**

Time allowed: 50 minutes

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Write your answers in this combined question paper/answer book.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.

**Information**
- The maximum mark for this paper is 45.
- Mark allocations are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2 / 3 | | | |
| 4 / 5 | | | |
| 6 / 7 | | | |
| 8 / 9 | | | |
| 10 / 11 | | | |
| 12 / 13 | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

LEAVE
MARGIN
BLANK

# ক বিভাগ


## প্রশ্ন ও উত্তর বাংলায় দিতে হবে

**1** তোমার বন্ধু আমির তোমাকে নোট পাঠিয়েছে।


> প্রিয় সুমন,
>
> তুমি কি লাইব্রেরিতে কাজ করতে চাও? সপ্তাহে দশ ঘণ্টার কাজ। কাজ হলো:
>
> - বই তাকে গুছিয়ে রাখা
> - টেলিফোন ধরা
> - চিঠির জবাব দেওয়া
>
> টেলিফোন: ০২০ ৭৮৯৩৪৫৬৭

(ক) লাইব্রেরিতে কি কি কাজ করতে হবে? নিচের বাক্সে ঠিক অক্ষর লেখো।


ক



খ



গ



ঘ



ঙ



চ



☐ ☐ ☐

*(3 marks)*

LEAVE MARGIN BLANK

(খ) সপ্তাহে কয় ঘণ্টা কাজ করতে হবে?

..........................................................................................

(1 mark)

**2** তুমি নিচের নোটিসটা পড়ছো:

## ওসমানী স্পোর্টস সেন্টার

খোলার সময়: সকাল ৯টা থেকে রাত ১০টা

| | |
|---|---|
| • টেনিস | ঘণ্টায় ২ পাউন্ড ৫০ পে. |
| • সাঁতার | ঘণ্টায় ২ পাউন্ড |
| • জিমনেশিয়াম | ঘণ্টায় ৩ পাউন্ড |
| • হকি | ঘণ্টায় ১ পাউন্ড ৫০ পে. |

(ক) স্পোর্টস সেন্টার কখন বন্ধ হয়?

..........................................................................................

(1 mark)

(খ) সাঁতার কাটার জন্যে কতো লাগে?

..........................................................................................

(1 mark)

(গ) কোন খেলার জন্যে ঘণ্টায় ১ পাউন্ড ৫০ পে. দিতে হয়?

..........................................................................................

(1 mark)

7

**Turn over**

LEAVE MARGIN BLANK

3 নিচের ই-মেইলের উত্তর দাও।

প্রিয় লতা,

আগামী রবিবার আমার জন্মদিন। পার্টিতে আমাদের কয়েকজন বান্ধবীকে ডেকেছি। অনেক নাচ-গান আর হৈচৈ হবে। মা মজার মজার খাবার আর কেক বানাবে। অবশ্যই পাঁচটার মধ্যে আমাদের এখানে চলে এসো, কেমন? ভালোবাসা নিও।

মালা

নিচের শব্দগুলি থেকে ঠিক শব্দ বেছে নিয়ে তোমার চিঠির ফাঁকা জায়গায় বসাও।

ধন্যবাদ
সাহায্য
নিমন্ত্রণ
হয়েছি
পেয়ে
উপহার
হৈচৈ

আদরের মালা,

তোমার চিঠি পেয়ে (উদাহরণ) খুব খুশি ____________। পার্টিতে ডাকার জন্যে অনেক ____________। সেদিন সবাই মিলে খুব আনন্দ করা যাবে। জন্মদিনে কি ______________ চাও আগে থেকে জানিও। কোনো ____________ লাগলে টেলিফোন করতে ভুলো না।

ইতি

লতা

*(4 marks)*

LEAVE MARGIN BLANK

**4** নিচের লেখাটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:

> লবণ আমাদের জন্যে বিশেষ দরকারী জিনিস। এটা আমরা রোজ ব্যবহার করি। সব দেশে প্রতিটি রান্নাঘরে লবণ থাকবেই। অনেক কাল আগে টাকার বদলে অনেক সময় লবণ ব্যবহার করা হতো। রোমান যুগে বেতনের বদলে সৈন্যদের লবণ দেওয়া হতো। ল্যাটিন শব্দ সল্ট থেকে স্যালারি শব্দটি এসেছে।
>
> আমাদের জীবনে লবণের গুরুত্ব খুব বেশি। লবণ ছাড়া খাবারের ঠিক স্বাদ পাওয়া যায় না। তবে এখন ডাক্তারদের মতে, বেশি লবণ খাওয়া ভালো না। এতে স্বাস্থ্যের, বিশেষ করে, হার্টের ক্ষতি হয়।

(ক) রোম্যান যুগে লবণ দিয়ে কাদের বেতন দেওয়া হতো?

.....................................................................................................................................

*(1 mark)*

(খ) স্যালারি শব্দটি কোথা থেকে এসেছে?

.....................................................................................................................................

*(1 mark)*

(গ) লবণ বেশি খেলে কি ক্ষতি হতে পারে?

.....................................................................................................................................

*(1 mark)*

**TURN OVER FOR THE NEXT QUESTION**

7

**Turn over ▸**

LEAVE MARGIN BLANK

**5** তুমি নিচের খবরটা পড়ছো।

> **ভারতীয় শিল্পকলা ভবন**
>
> স্বাধীনতা দিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠান
>
> রবিবার ১৫ই অগস্ট ২০০৫
>
> **বিশেষ আকর্ষণ**
>
> জনপ্রিয় শিল্পীদের গান — কথক আর মণিপুরী নাচ
>
> সেতার আর তবলা — ছোটোদের কবিতা আবৃত্তি
>
> টিকিটের জন্যে যোগাযোগ করুন: কেয়া রায় ০২০৮ ৮৯৬ ৫৭৪৩

নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

(ক) কেন অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়েছে?

..........................................................................................................................

*(1 mark)*

(খ) কি কি হবে? যে-কোনো দুটি উল্লেখ করো।

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

(গ) টিকিট কোথায় পাওয়া যাবে?

..........................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

6 তুমি তোমার ডাইরির পাতায় পড়ছো, এ সপ্তাহে কি কি হবে।

**রবিবার**

রুনার সঙ্গে বিকালে ফিল্ম্ দেখতে যাবো।

**সোমবার**

ইংরেজি কোর্সওয়ার্ক দেবার শেষ দিন

**মঙ্গলবার**

মামা আসছেন লিভারপুল থেকে

**বুধবার**

অঙ্ক পরীক্ষা

**বৃহস্পতিবার**

কেরিয়ার অফিসারের সঙ্গে ইন্টারভিউ

**শুক্রবার**

ডেন্টিস্ট - সকাল ৯:৩০

**শনিবার**

অক্সফোর্ড সার্কাসে জুতা কিনতে যাবো।

(ক) মামা কবে আসছেন?

.............................................................................................................................

*(1 mark)*

(খ) কবে ইংরেজি কোর্সওয়ার্ক জমা দিতে হবে?

.............................................................................................................................

*(1 mark)*

(গ) ডেন্টিস্টের কাছে কটার সময়ে যেতে হবে?

.............................................................................................................................

*(1 mark)*

—
7

**Turn over ▶**

LEAVE MARGIN BLANK

**7** নিচের লেখাটি পড়ো।

> সংবাদপত্র আমাদের সারা পৃথিবীর খবর দেয়। কে কবে চাঁদে পৌঁছলো, কে সাঁতার কেটে চ্যানেল পার হলো – সে খবর পাই সংবাদপত্রে। এ ছাড়া, যুদ্ধের খবর, খেলার খবর, আবহাওয়ার খবর – কি না-পাওয়া যায় সংবাদপত্রে!
>
> এখন কি ভাবতে পারি সেই সময়ের কথা, যখন সংবাদপত্র ছিলো না? কিন্তু এমন দিনও ছিলো। মানুষ তখন হাটে-বাজারে, নদীর ঘাটে পাঁচজনের কাছ থেকে বাইরের খবর শুনতো। ব্যবসায়ী আর পর্যটকরা আনতো বিদেশের খবর। চীন দেশে অনেক কিছু আবিষ্কার হয়। কাগজ, ছাপাখানা আর কাগজের নোট ওখানেই প্রথম চালু হয়। সংবাদপত্রও চীন দেশে প্রথম প্রকাশিত হয়।

(ক) উপরের লেখা অনুযায়ী সংবাদপত্রে যেসব খবর থাকে, তার তিনটি উল্লেখ করো।

..............................................................................................................

..............................................................................................................

..............................................................................................................

*(3 marks)*

(খ) আগেকার দিনে লোকে বিদেশের খবর কি করে পেতো?

..............................................................................................................

..............................................................................................................

*(2 marks)*

(গ) কোথায় প্রথম সংবাদপত্র চালু হয়েছিলো?

..............................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**8** নিচের লেখাটি পড়ো।

> বর্তমান যুগে মোবাইল ফোন ছাড়া জীবন চিন্তা করা যায় না। শুধু শহরে নয়, সুদূর গ্রামেও ছেলেবুড়ো অনেকের হাতে থাকে মোবাইল ফোন। এর সাহায্যে কারো সঙ্গে যোগযোগ করা এখন খুবই সহজ। তরুণ-তরুণীদের কাছে এটা একটা বিরাট ফ্যাশন।
>
> নিজের নিরাপত্তার জন্যেও এটা কাছে রাখা ভালো। মনে করো, অন্ধকার রাত। মোটরওয়েতে একজন মহিলা একা গাড়ি চালাচ্ছেন। হঠাৎ গাড়িটা খারাপ হয়ে গেলো। তাঁর কাছে মোবাইল ফোন থাকলে তিনি গাড়ি থেকে না-নেমেই সাহায্যের জন্যে কাউকে ডাকতে পারেন।
>
> এ ছাড়া, এখন মোবাইল ফোনে টেক্সট মেসেজ পাঠানো যায়। ইন্টারনেটের যোগাযোগ করা যায়। নানা রকম গেইমও খেলা যায়। এমন কি, যার সঙ্গে কথা বলছো, অনেক ফোনে তার ছবিও দেখা যায়। বিভিন্ন মোবাইল ফোন কম্পানি তাই এখন নানা সাইজ, রঙ, দাম ও মডেল দিয়ে ক্রেতাদের আকৃষ্ট করতে চাইছে। তবে মোবাইল ফোনের কিছু খারাপ দিকও আছে। যেমন, মোবাইল সব সময় হাতে থাকলে অন্য দিকে মনোযোগ না দিলে অ্যাকসিডেন্ট হতে পারে।

(ক) ফ্যাশনের জন্যে কারা মোবাইল ফোন কাছে রাখে?

..........................................................................................

*(1 mark)*

(খ) মোবাইল ফোন কাছে থাকলে নিজেকে কেন অনেকটা নিরাপদ মনে হয়?

..........................................................................................

*(1 mark)*

(গ) যোগাযোগ করার ছাড়া, মোবাইল ফোন দিয়ে আর কি করা যায়? একটি উল্লেখ করো।

..........................................................................................

*(1 mark)*

(ঘ) সব সময় মোবাইল ফোন ব্যবহার করলে কি অসুবিধা হতে পারে?

..........................................................................................

*(1 mark)*

10

**Turn over ▸**

**9** নিচের লেখাটি পড়ো।

শীতের সকাল। কন্‌কনে উত্তুরে হাওয়া বইছে। অপেক্ষা করছি কখন ট্রেন সিলেটে পৌঁছবে। ধীরে ধীরে কুয়াশার পর্দা সরে গিয়ে সূর্য দেখা দিলো। ট্রেনটা থামবার আগেই কুলিদের হাঁক শোনা গেলো – "সিলহট, সিলহট।" স্টেশনে পা দিয়ে মন একটা আনন্দে ভরে গেলো। যে-সিলেটের কথা এতো শুনেছি, পড়েছি, তাকে আজ বাস্তবে দেখবো।

ঘোড়ার গাড়িতে শহরের দিকে এগিয়ে গেলাম। খানিকটা যাবার পর চোখে পড়লো সুরমা নদী। তার ওপর এক লোহার ব্রিজ। সেই ব্রিজ পেরিয়ে এলাম সিলেট শহরে। তিন দিকে তার পাহাড় দিয়ে ঘেরা। এই সিলেটের বুকেই ঘুমিয়ে আছেন দরবেশ শাহজালাল। তাঁর সঙ্গে আরব দেশ থেকে এসেছিলেন আরও তিন শো জন আউলিয়া বা শিষ্য। শহরের উত্তর-পশ্চিম দিকে এক উঁচু টিলার ওপর হজরত শাহজালালের দরগা। পাশে এক বিরাট মসজিদ। এ ছাড়া শহরের আশেপাশে আছে দেখার মতো অনেক সুন্দর জায়গা। প্রকৃতির প্রচুর দানে সিলেট পরিপূর্ণ।

(ক) লেখক দিনের কোন সময় সিলেট যাচ্ছিলেন?

..............................................................................................................................

*(1 mark)*

(খ) শহরে ঢোকার আগে তিনি কি দেখতে পান?

..............................................................................................................................

*(1 mark)*

(গ) হজরত শাহজালাল কোন দেশে থেকে আসেন?

..............................................................................................................................

*(1 mark)*

(ঘ) সিলেটে পৌঁছনোর পরে লেখকের কেমন লাগলো এবং কেন?

..............................................................................................................................

..............................................................................................................................

*(2 marks)*

5

LEAVE MARGIN BLANK

**TURN OVER FOR SECTION B**

**Turn over**

LEAVE MARGIN BLANK

## SECTION B

Questions and answers in **English.**

**10** Read the following passage.

ইংরেজিতে তেরো থেকে উনিশ বছর পর্যন্ত বয়সকে বলা হয় টীন-এইজ। সবাই বলে এটা নাকি সুন্দরভাবে গড়ে ওঠার একটা বয়স। কিন্তু আজকাল টীন-এইজারদের নিয়ে অনেক সমস্যা দেখা দিচ্ছে।

আগেকার টীনএইজারদের সঙ্গে বর্তমান যুগের টীনএইজারদের বেশ কিছু পার্থক্য দেখা যায়। তখন তারা অবসর সময় কাটাতো গল্পের বই পড়ে, খেলাধুলা করে, রেডিওতে গান অথবা ফুটবল আর ক্রিকেটের ধারা বিবরণী শুনে। বাবা-মায়েরা ছেলেমেয়েদের সব সময়ে চোখে চোখে রাখতেন। বাড়ির বিশেষ বাঁধা-ধরা নিয়মের মধ্যে সীমাবদ্ধ ছিলো তাদের দৈনন্দিন জীবন। ফলে মা-বাবা এবং অন্য গুরুজনদের প্রতি তাদের যেমন ছিলো ভয়, তেমনি ছিলো শ্রদ্ধা। ছেলেমেয়েদের এক সঙ্গে ওঠা-বসা বা বন্ধুত্বের খুবই কম সুযোগ ছিলো।

সময়ের সাথে সাথে সমাজ ও দৃষ্টিভঙ্গির অনেক পরিবর্তন এসেছে। এখন তরুণ-তরুণীরা মা-বাবাকে তেমন মানে না। নিজেরা একে অপরের সঙ্গে যেমন খুশি মেলামেশা করছে। ইন্টারনেট, কম্পিউটার আর টেলিভিশন তাদের দিনে দিনে ঘর-কুনো করে তুলেছে। কে কতো দামী মোবাইল ফোন কিনেছে তাই নিয়ে একে অন্যের সঙ্গে প্রতিযোগিতায় ব্যস্ত! মায়ের হাতের রান্নার চেয়ে ফাস্ট ফূড তাদের কাছে বেশি মজা। ড্রাগস অর্থাৎ মাদকদ্রব্যের প্রভাব তাদের মধ্যে দ্রুত ছড়িয়ে পড়ছে। সামাজিক ও পারিবারিক মূল্যবোধ তাদের মধ্যে কমে যাচ্ছে।

এ যুগের ছেলেমেয়েদের দেখলে মনে হয়, ভবিষ্যতের চিন্তা-ভাবনা তাদের তেমন একটা নেই। তাদের কাছে বর্তমানই সব। কিন্তু পুরাতনকে পুরোপুরি অবহেলা করে আধুনিকতার অন্ধ অনুকরণ করা ঠিক নয়। কারণ তারাই হলো জাতির ভবিষ্যৎ। তাদের পরামর্শ দেওয়া এবং ঠিক পথে আনার দায়িত্ব আমাদের সবার।

(a) How does the writer describe the term 'teenage'?

.......................................................................................................................................

*(1 mark)*

(b) In which **two** ways did teenagers spend their leisure time in the past?

1 .....................................................................................................................................

2 .....................................................................................................................................

*(2 marks)*

LEAVE MARGIN BLANK

(c) Compare their attitudes towards their parents as they were then and now. Give **two** details.

1 ..............................................................................................................................................

2 ..............................................................................................................................................

*(2 marks)*

(d) What changes can be noticed in the relationship between boys and girls now?

..............................................................................................................................................

*(1 mark)*

(e) Why are teenagers more inclined to stay at home now? Give **two** details.

1 ..............................................................................................................................................

2 ..............................................................................................................................................

*(2 marks)*

(f) Why is it necessary to give them proper guidance and advice?

..............................................................................................................................................

*(1 mark)*

**END OF QUESTIONS**

9

LEAVE
MARGIN
BLANK

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

LEAVE
MARGIN
BLANK

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

LEAVE
MARGIN
BLANK

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

Copyright © 2005 AQA and its licensors. All rights reserved.